



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576

নং-৫৭.১৬.০০০০.১৩.০৪.০০১.২৪-৫৯৪

তারিখ: ০৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ২০২৪ শিক্ষাবর্ষের দাখিল ষষ্ঠ থেকে নবম শ্রেণির বার্ষিক পরীক্ষা গ্রহণের জন্য বিশেষ নির্দেশনা

সূত্র: শিক্ষামন্ত্রণালয়ের পরিপত্র নং-৩৭.০০.০০০০.০৯১.৩৯.০০১.২৪.৫১৮; তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড শিখনকালীন মূল্যায়ন ও বার্ষিক পরীক্ষা সংক্রান্ত সংক্ষিপ্ত পাঠ্যসূচি, মানবণ্টন ও নমুনা প্রশ্ন প্রণয়ন করেছেন। ১১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) থেকে প্রকাশিত (লিংক- <https://nctb.portal.gov.bd/site/page/b2290560-6cf0-4952-94f9-ca9906c62470>)। ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক মূল্যায়ন নির্দেশনা অনুসারে দাখিল ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, ইতিহাস ও সামাজিক বিজ্ঞান, ডিজিটাল প্রযুক্তি, স্বাস্থ্য সুরক্ষা এবং শিল্প সংস্কৃতি বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয় কুরআন মাজিদ, হাদীস শরিফ, আকাইদ ও ফিকহ, আল লুগাতুল আরাবিয়্যা তুল ইতেসালিয়া, কাওয়াইদুল লুগাতিল আরাবিয়্যা এবং ইসলামের ইতিহাস বিষয়ের শিখনকালীন মূল্যায়ন ও বার্ষিক পরীক্ষা পূর্বের ধারাবাহিকতায় অনুষ্ঠিত হবে। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নিজস্ব তত্ত্বাবধানে শিক্ষকগণের দ্বারা শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম পরিচালনা এবং প্রদত্ত লিংক -এ প্রশ্নপত্রের নমুনা অনুসরণ করে বার্ষিক পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন করবেন। প্রণীত প্রশ্নের সাহায্যে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

বার্ষিক পরীক্ষার পূর্ব পর্যন্ত প্রদত্ত সংক্ষিপ্ত সিলেবাসের যতটুকু অংশ সম্পন্ন করতে পারবে তার ভিত্তিতে নমুনা প্রশ্নপত্রের আলোকে প্রশ্নপত্র প্রণয়ন করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করতে পারবে। তবে প্রদত্ত সংক্ষিপ্ত পাঠ্যসূচি/সিলেবাস যথাসম্ভব সম্পন্ন করে পরীক্ষা গ্রহণ করার বিষয়টি সর্বোচ্চ বিবেচনায় নেওয়ার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণে অধ্যক্ষ/সুপারসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ ফেরদাউজুর রহমান

কারিকুলাম বিশেষজ্ঞ

ও

প্রকাশনা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

ই-মেইল: curriculum@bmeb.gov.bd